গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৫.২৩.১০৩

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০
১৩ মার্চ ২০২৪

বিষয়: **রিট পিটিশন নং ১৫২৮৭/২০২৩ মোকদ্দমায় প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে দায়িত্ব প্রদান।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৫২৮৭/২০২৩-এর ১০/০১/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন চরবাগডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ শহীদ রানা টিপু-কে গত ০৭/০৯/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.৭০০০.০১৭.২৭.০০.০১৩.১৪-৪৯৮ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ শহীদ রানা টিপু সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৫২৮৭/২০২৩ দায়ের করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ-কে ৩নং এবং এ বিভাগের সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখাকে ৪নং প্রতিপক্ষসহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। বিবেচ্য রিট পিটিশন মোকদ্দমায় উক্ত সংখ্যক স্মারকে জারিকৃত সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের স্থলে গত ০৭/০৯/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.৭০০০.০১৭.২৭.০০২.২১-৮৮০-এর কারণ দর্শানোর নোটিশটি উল্লিখিত হওয়ায় মাননীয় হাইকোর্ট বিভাগ গত ১০/০১/২০২৪ খ্রি. তারিখে নিম্নোক্ত রুল প্রদান করেন:

> "...**inadvertently, there was <u>a mistake in the earlier Rule</u> issuing order passed on 11.12.2023** which was communicated in accordance with law, as such, praying for issue a Rule Nisi a fresh and he got instruction from his client not to press the Rule which was issued on 11.12.2023, accordingly, prayer is allowed."
>
> "Pending hearing of the Rule, stay the operation of the Memo No. 46.00.7000.017.27.002.21-879 dated 07.09.2023 issued by the Local Government, Rural Development and Co-operatives under signature of the respondent No. 4 placing the petitioner under suspension from the Chairman of the Charbagdanga Union Parishad, Chapainawabgonj Sadar, Chapainawabgonj **be stayed for a period of 6(six) months from date."**

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫২৮৭/২০২৩ মোকদ্দমায় প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8323/potrojariAttachmentRef/52781/0/2240)

১৩-৩-২০২৪
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব মোঃ আশরাফুল আলম, বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৫.২৩.১০৩/১(৫)

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০
১৩ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১৩-৩-২০২৪
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)